গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
প্রশাসন/সংস্থাপন শাখা
www.dol.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩১.২৩.০০১.০৫.৬৬৮

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

বিষয়: **১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে**

সূত্র: ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও শ্রম অধিদপ্তরাধীন দপ্তরসমূহে ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি গ্রহন করা হয়েছে ।

ক) শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ে গৃহীত কর্মসূচিঃ

| ক্র: নং | কর্মসূচি | বিবরণ | বস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | জাতীয় পতাকা উত্তোলন | ঢাকা শহরে সহজে দৃশ্যমান উচুঁভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলনের নির্দেশনার প্রেক্ষিতে ঢাকার বিজয়নগরস্থ শ্রম ভবনের সুউচ্চস্থানে আগামী ১৬ ডিসেম্বর, ২০২২ পতাকা বিধিঅনুযায়ী সঠিক মাপে, রং ও নিয়মে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে । | শ্রম ভবনে জাতীয় পতাকা উত্তোলন করার কর্মসূচিতে নিম্নবর্ণিত কর্মচারীগণ সহায়তা করবেন এবং জাতীয় পতাকা উত্তোলন করে পরিচালক (প্রশাসন) মহোদয়কে অবহিত করবেনঃ<br>ক) জনাব মোঃ নবীউল ইসলাম, উচ্চমান সহকারী, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা<br>খ) জনাব লাল বাহাদুর, নিরাপত্তা প্রহরী, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা।<br>তত্ত্বাবধানেঃ<br>জনাব তৃপ্তি মুনসী, ভান্ডার কর্মকর্তা। |
| ২) | শ্রম ভবন আলোকসজ্জাকরণ | বিজয়নগরস্থ শ্রম ভবনে মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর, ২০২২ তারিখ হতে ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত আলোকসজ্জা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩) | আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের স্থান ও সময়সূচি | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ২১ ডিসেম্বর, ২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অথবা মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক নির্ধারিত সময় ও তারিখে শ্রম ভবনের সম্মেলনকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। আলোচনা সভা ও দোয়া মাহফিলে শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণ ভার্চুয়ালি অংশগ্রহণ করবেন। | ক) সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়<br>খ) শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণ উক্ত কর্মসূচিতে ভার্চুয়ালি অংশগ্রহনের বিষয়টি নিশ্চিতকল্পে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের **আইসিটি সেল কে** সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। |
| ৪) | ভেন্যু সজ্জিত করণ | শ্রম ভবনের সম্মেলন কক্ষে ডায়াস প্রস্তুত, সাউন্ড সিস্টেমসহ সম্মেলন কক্ষে প্রয়োজনীয় সাজসজ্জা (ইন্টেরিওর ডিজাইন) সম্পন্ন করতে হবে। এছাড়া শ্রমভবনের সভাকক্ষের প্রবেশমুখে ১টি বর্ণিল বিজয়গেট (বেলুন, রিবন ও অন্যান্য সামগ্রী দিয়ে স্থাপন করতে হবে।) | ক) পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়<br>খ) সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |
| ৫) | আসন বিন্যাস | শ্রম ভবনের সম্মেলন কক্ষে আমন্ত্রিত অতিথিদের প্রয়োজনীয়তার নিরীখে আসন বিন্যাস করতে হবে। মন্ত্রণালয় এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থার গুরুত্বপূর্ণ অতিথি আসন বিন্যাসের শৃঙ্খলা নিশ্চিত করতে হবে। | **পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়**<br>( মন্ত্রণালয়ের উপসচিব (সেবা) এবং উপমহাপরিদর্শক (প্রশাসন), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে কর্মসূচী বাস্তাবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মহিদুর রহমান, যুগ্মসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়কে অবহিত রেখে সমন্বিত উদ্যেগ গ্রহণ করবেন) |
| ৬) | অতিথিদের অভ্যর্থনা | সভাপতি ও প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথিদের যথাযথভাবে অভ্যর্থনা জানাতে হবে।<br>মন্ত্রণালয়ের উপসচিব (সেবা), পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় এবং উপমহাপরিদর্শক (প্রশাসন), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা নিয়ে শ্রম ভবনের মূল গেইট থেকে আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানাবেন। | **পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়** |
| ৭) | ব্যানার প্রস্তুতকরণ | বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের ব্যানারসহ প্রয়োজনীয় সংখ্যক ব্যানার/এক্স ব্যানার প্রস্তুত এবং শ্রম ভবনের দৃশ্যমান স্থানসমূহে প্রদর্শন করতে হবে। মন্ত্রণালয়ের (আইসিটি সেল) ব্যানার প্রস্তুত করবে। | সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |
| ৮) | প্রচার | অনুষ্ঠানটির বিভিন্ন ইভেন্টের ছবি ও ভিডিও ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব ফিরোজুর রহমান, সহকারী পরিচালক, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |
| ৯) | আপ্যায়ন | অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত এবং সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। মন্ত্রণালয়ের উপসচিব (সেবা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর সমন্বিতভবে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন | ক) সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়<br>খ) হিসাব শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ১০) | দিবসটি উদযাপনের আর্থিক ব্যয়/খরচ নির্ধারণ | মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ বিজয় দিবস ২০২২ যৌথভাবে পালন করবে। দিবসটি পালনের জন্য আপ্যায়ন, প্রজেক্টর, সাউন্ড সিস্টেম, দোয়া মাহফিল পরিচালনাসহ যৌথ ব্যয়সমূহ মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ সম্মিলিতভাবে নির্বাহ করবে। (মোট ব্যয় বিভাজন: ৪০% মন্ত্রণালয়, ৩০% শ্রম অধিদপ্তর, ৩০% কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর) | **ক) পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়**<br>খ) হিসাব শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |

খ) শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহে আয়োজিতব্য কর্মসূচিঃ

| ক্র: নং | কর্মসূচি | বিবরণ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | জাতীয় পতাকা উত্তোলন | আগামী ১৬ ডিসেম্বর, ২০২২ পতাকা বিধিঅনুযায়ী সঠিক মাপে, রং ও নিয়মে শ্রম অধিদপ্তরাধীন দপ্তরসমূহের অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর |
| ২) | অফিস ভবনে আলোক সজ্জাকরণ | আর্থিক সংগতিও পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের অফিস ভবনে আলোকসজ্জা করা যায়। | দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর |
| ৩) | আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের স্থান ও সময়সূচি | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ২১ ডিসেম্বর, ২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অথবা মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক নির্ধারিত সময় ও তারিখে শ্রম ভবনের সম্মেলনকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। আলোচনা সভা ও দোয়া মাহফিলে শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণ ভার্চুয়ালি অংশগ্রহণ করবেন। এ ব্যাপারে সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর |
| ৪) | ব্যানার প্রস্তুতকরণ | বিজয় দিবস উপলক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ব্যানার / এক্স ব্যানার প্রস্তুত করে শ্রম অধিদপ্তরাধীন দপ্তরসমূহের অফিস ভবনে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। মন্ত্রণালয়ের (আইসিটি সেল) ব্যানার প্রস্তুত করবে। মন্ত্রণালয়ের আইসিটি সেল হতে ব্যানারের নমুনা সংগ্রহপূর্বক শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সাধারণ শাখা হতে শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহে সরবরাহ করা হবে। | ক) দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর<br>খ) সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ৫) | স্থানীয় প্রশাসন (বিভাগীয় প্রশাসন / জেলা প্রশাসন / উপজেলা প্রশাসন)- কর্তৃক আয়োজিতব্য কর্মসূচিতে অংশগ্রহণ | ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে স্থানীয় প্রশাসন (বিভাগীয় প্রশাসন / জেলা প্রশাসন / উপজেলা প্রশাসন)- কর্তৃক আয়োজিতব্য কর্মসূচিতে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর |
| ৬) | প্রতিবেদন প্রেরণ | ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের ছবি (ক্যাপশনসহ) ও প্রতিবেদন শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | দপ্তর প্রধান / আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তর |

০২। ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে প্রণীত কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১২-২০২২
মোঃ বেল্লাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ)
ফোন: ০২২২৬৬৬৩৫০৭

বিতরণ :

১) পরিচালক, প্রশাসন, হিসাব ও সাধারন / ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষন / পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি / মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / নারায়নগঞ্জ / রাজশাহী / খুলনা।

৩) পরিচালক , শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর

৪) উপ পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান / সালিশী ও প্রশিক্ষণ / হিসাব ও সাধারন / শ্রম কল্যাণ ও বিনোদন / শুদ্ধাচার ও বিবিধ, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৫) উপ-পরিচালক , বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

৬) উপ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা।

৭) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট।

৮) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / শ্রীমঙ্গাল, মৌলভীবাজার / ষোলশহর, নাসিরাবাদ, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / চাষাড়া,

নারায়নগঞ্জ / বন্দর, নারায়নগঞ্জ / টঙ্গী, গাজীপুর /
সাঁটিরপাড়া, নরসিংদি / ঘোড়াশাল, পলাশ, নরসিংদি /
খালিশপুর, খুলনা, শ্রম অধিদপ্তর ।
৯) সহকারী পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / উন্নয়ন,
পরিকল্পনা ও পরিসংখ্যান / প্রশিক্ষণ / হিসাব / সাধারন /
সালিশী, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
১০) মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ /
সরিষাবাড়ী / চাঁদপুর / চৌমহনী / রূপসা / মংলা / কুষ্টিয়া /
বরিশাল / সপুরা / সিরাজগঞ্জ / বগুড়া / গাইবান্ধা /
সৈয়দপুর / লালমনিরহাট / ঘাগড়া / চন্ডিছড়া /
সমশেরনগর / পাত্রখোলা / ফুসকুড়ী / লোহাইউনি /
কাপনাপাহাড় / চিকনাগুল, শ্রম অধিদপ্তর।
১১) শাখা প্রধান, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / হিসাব /
সাধারন / পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান / সালিশী /
প্রশিক্ষন / চিকিৎসা ও পরিবার পরিকল্পনা / শ্রম কল্যাণ ও
বিনোদন শাখা, শ্রম অধিদপ্তর ।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩১.২৩.০০১.০৫.৬৬৮/১(৫)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও আহ্বায়ক, মহান বিজয়দিবস, ২০২২ উপলক্ষ্যে গঠিত কর্মসূচি বাস্তবায়ন কমিটি ।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) অফিস কপি

১৫-১২-২০২২
মোঃ বেল্লাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ)